



বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৮৮-০২২২৩৩৮৭৯৭৫, ফ্যাক্স : ৮৮-০২২২৩৩৮৪৬৩২

ই-মেইল : wparty@mail@gmail.com, www.wpb71.org

১ জুন ২০২৬

শোক বিবৃতি

৬৯ এর গণ-অভ্যুত্থানের নেতা তোফায়েল আহমেদ এর মৃত্যুতে ওয়ার্কার্স পার্টি গভীর শোক ও সমবেদনা

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির ভারপ্রাপ্ত সভাপতি বীরমুক্তিযোদ্ধা কমরেড মাহমুদুল হাসান মানিক ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক কমরেড নুর আহমদ বকুল এক শোক বিবৃতিতে ৬৯ এর গণ-অভ্যুত্থানের অন্যতম নেতা, মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, ডাকসুর সাবেক ভিপি, ৭ বারের নির্বাচিত সংসদ সদস্য, সাবেক মন্ত্রী, বর্ষিয়ান রাজনীতিবিদ বাংলাদেশ আওয়ামী লীগের নেতা জনাব তোফায়েল আহমেদ এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

দীর্ঘদিন ধরে বার্ষিক্যজনিত ও নিউমোনিয়াজনিত নানা জটিলতায় ভুগছিলেন। আজ ১ জুন সোমবার বিকেল সাড়ে ৩টায় রাজধানীর স্কয়ার হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮২ বছর। তিনি স্ত্রী এক মেয়েসহ বহু রাজনৈতিক গুণগ্রাহি রেখে গেছেন। তার মৃত্যু দেশ ও জাতির জন্য এক অপূরণীয় ক্ষতি যা কখনোই পূরণ হবার নয়। নেতৃত্বদ তার শোক সন্তুষ্ট পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাই।

বার্তা প্রেরক

(মোস্তফা আলমগীর রতন)

আহবায়ক, কেন্দ্রীয় মিডিয়া বিভাগ

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

মোবাইল : ০১৭১৫১৫৫৩৮৭